

Case study 2
Class VII
Subject-Bengali

প্রফেসর ত্রিলোকেশ্বর শঙ্কুর ডায়েরিটা আমি পাই তারক চাটুজের কাছে থেকে। একদিন দুপুরের দিকে অফিসে বসে পূজো সংখ্যার জন্য একটা লেখার প্রফ দেখছি এমন সময় তারক বাবু এসে একটা লাল খাতা আমার সামনে ফেলে দিয়ে বললেন, পড়ে দেখো 'গোল্ড মাইন'। তারক বাবু এর আগেও কয়েকবার গল্প-টল্প এনেছিলেন। খুব যে ভালো তা নয় তবে বাবাকে চিনতেন আর ছেঁড়া জামা টামা দেখে মনে হত ভদ্রলোক গরিব তাই প্রতিবারই লেখাগুলো জন্য পাঁচ- দশ টাকা করে দিয়েছি। এবার গল্পের বদলে ডায়েরিটা দেখে একটু আশ্চর্য হলাম। প্রফেসর শঙ্কু বছর পনেরো নিরুদ্দেশ। কেউ কেউ বলেন তিনি নাকি কি একটা ভীষণ এক্সপেরিমেন্ট করতে গিয়ে প্রাণ হারান। আবার এও শুনেছি যে তিনি নাকি জীবিত। ভারতবর্ষের কোন অখ্যাত, অজ্ঞাত অঞ্চলে গা ঢাকা দিয়ে চুপচাপ নিজের কাজ করে যাচ্ছেন। সময় হলে আত্মপ্রকাশ করবেন। এই সব সত্য মিথ্যা জানি না তবে এটা জানতাম যে তিনি বৈজ্ঞানিক ছিলেন। তার যে ডায়েরি থাকতে পারে সেটা অস্বাভাবিক নয়, কিন্তু সেই ডায়েরি তারক বাবুর কাছে এলো কি করে?

১. প্রফেসর শঙ্কু চরিত্রটি সৃষ্টি করেছেন
নারায়ন দেবনাথ
নারায়ণ গঙ্গোপাধ্যায়
সন্দীপ রায়
সত্যজিৎ রায়

২. পূজো সংখ্যা প্রকাশিত হয়-
পূজোর পরে
পূজোর আগে
বছরের শুরুতে
পূজা চলাকালীন সময়

৩. বৈজ্ঞানিকদের গবেষণার বিষয়-
সাহিত্য ও শিল্পকলা
ক্রীড়া
পারফর্মিং আর্ট
বিজ্ঞানের নানাবিধ বিষয়

৪. প্রফ দেখার কাজটি করা হয়
ল্যাবরেটরীতে
ছাপাখানায়
গবেষণাগারে
বিদ্যালয়ে

৫. ডায়েরিতে যা যা লেখা হতে পারে-
দিনলিপি, নিজের মনের কথা
হিসাবপত্র
গুরুত্বপূর্ণ তথ্য
উপরের সবকয়টি

৬. কিশোর কিশোরীদের জন্য প্রকাশিত হয় এমন একটি পুজো সংখ্যার নাম লেখো।
৭. "পথের পাঁচালী" সিনেমার সাথে সত্যজিৎ রায়ের নাম জড়িয়ে আছে কেন?
৮. প্রফেসররা কোন কাজের সাথে যুক্ত থাকেন?
৯. বৈজ্ঞানিকদের কাজ কী?
১০. তিনজন বিখ্যাত বাঙালি বৈজ্ঞানিকের নাম লেখো।